

উত্তর

তারিখ : ০২/০৫/২০২০

বাড়ির কাজ

ঘড়ি

উপেন্দ্রকিশোর রায়চৌধুরী

১। নীচের প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে নাও :

ক) 'ঘড়ি' কবিতাটির কবি হলেন- রবীন্দ্রনাথ ঠাকুর/ সত্যেন্দ্রনাথ দত্ত/  
উপেন্দ্রকিশোর রায়চৌধুরী।

উত্তর : উপেন্দ্রকিশোর রায়চৌধুরী।

খ) 'ঘড়ি' কবিতাটির বক্তা- ঘড়ি/ ছাতা/ মানুষ।

উত্তর : ঘড়ি।

গ) খ্রিস্টানদের উপাসনার স্থান মন্দির/ মসজিদ/ গীর্জা।

উত্তর : গীর্জা।

ঘ) গীর্জায় ঘড়ি রাখা হয় উচুতে/নিচুতে/মানখানে।

উত্তর : উচুতে

ঙ) হাতঘড়ি চলার সময় যে ধরনের শব্দ হয় সেটি হল ঢং ঢং/ টিক টিক/  
টং টং।

উত্তর : টিক টিক

চ) সময় মতো সময়ে সকল কাজ যে করে সে হল কাজের লোক/ অকাজের  
লোক/ অলস।

উত্তর : কাজের লোক

ছ) 'ঘড়ি' কবিতাটির শব্দ সংখ্যা তিন/ চার/ পাঁচটি।

উত্তর : পাঁচটি।

জ) দেওয়াল ঘড়ি চলার সময় শব্দ হয় ঢং ঢং/ টিক টিক/ টং টং।

উত্তর : ঢং ঢং

ঝ) উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর পূর্বনাম ছিল - সুখদা / রঞ্জন / কামদারঞ্জন।

উত্তর : কামদারঞ্জন।

ঞ) জামার বুক পকেটে রাখার জন্য আগে এক ধরনের গোলাকার ঘড়ি  
ব্যবহার করা হত যার নাম হাতঘড়ি/ গীর্জার ঘড়ি/ ট্যাক ঘড়ি।

উত্তর : ট্যাক ঘড়ি।

ট) ঘড়ি আমাদের যে শিক্ষা দেয় তা হল - সময় মতো সব কাজ করা উচিত / অসময়ে কাজ করা উচিত / থেমে থেমে কাজ করতে হয় ।

উত্তর : সময় মতো সব কাজ করা উচিত।

ঠ) 'ঘড়ি' কবিতাটির মোট লাইনের সংখ্যা - ১৩টি / ১৫টি / ১৭টি ।

উত্তর : ১৫টি।

ড) রোদ বৃষ্টি সয়ে ভাই (ঘড়ি / সময় / কাজ) রাখি খাসা ।

উত্তর : সময়।

ঢ) 'গুপী গাইন বাঘা বাইন' গ্রন্থটির লেখক হলেন - সুকুমার রায় / উপেন্দ্রকিশোর রায়চৌধুরী / সত্যজিৎ রায় ।

উত্তর : উপেন্দ্রকিশোর রায়চৌধুরী

ণ) ট্যাক ঘড়ির প্রচলন - এখন / আগে / ভবিষ্যতে ছিল ।

উত্তর : আগে।